



দি ব্যাঙ্ক এমপ্লয়ীজ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

২৩এ, নেতাজী সুভাষ রোড (চতুর্থ ও পঞ্চম তল), কলিকাতা-৭০০ ০০১

ফোন : ২২৩১-১৭১০ / ২২৩০-৮৫৬৪

টেলিফ্যাক্স : (০৩৩) ২২৩১-৩২৭৫

**বিষয় : হাসপাতালে আন্তঃবিভাগে চিকিৎসা ব্যয়ে প্রাপ্ত বীমা সুবিধার
অতিরিক্ত ব্যয়ের ক্ষতিপূরণ প্রকল্প — ২০১৭-২০১৮**

সমবায়ী সাথীবৃন্দ,

আপনাদের সকলকে জানাই ইংরাজী শুভ নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা।

বিগত ২০০৭ সাল থেকে আমরা United India Insurance Co.-র সাথে আপনাদের জন্য এই প্রকল্প ২০১৬ পর্যন্ত চালিয়ে এসেছি। ২০১৭ সাল থেকে নতুন ভাবে প্রকল্প শুরু করা হয়েছে যা কিনা IBA ও United India Insurance Co.-র মধ্যে চুক্তিবদ্ধ বীমা প্রকল্পে প্রাপ্ত চিকিৎসা বীমারশির অতিরিক্ত খরচ ক্ষতিপূরণ হিসাবে পাওয়া যাবে।

আমাদের ব্যাঙ্কের পরিচালন সমিতি ২৮শে ফেব্রুয়ারী, ২০১৭ তে শেষ হয়ে যাওয়া চুক্তি পুনরায় ১লা মার্চ, ২০১৭ থেকে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিগত বছরে প্রভূত পরিমাণ 'চাহিদা নিষ্পত্তি' (Claim Settle) হওয়াতে এবং বাজার বৃদ্ধির চাপে এবছর 'বীমা কিস্তি' (Premium) গত বছরের তুলনায় অনেকটা বৃদ্ধি পেলেও আমরা সদস্য/সদস্যাদের সুবিধার কথা চিন্তা করেই প্রকল্প নবীকরণ করেছি। যার যার নিজের ব্যাঙ্কের বীমা থেকে প্রাপ্ত বীমারশি ৩ (তিন) লক্ষ ও ৪ (চার) লক্ষ যথাক্রমে অ্যাওয়ার্ড স্টাফ ও অফিসারদের। কিন্তু বর্তমান বিপুল খরচ-সাপেক্ষ চিকিৎসা ব্যবস্থায় এই রাশি খুবই নগণ্য। আমরা সেই কারণেই সদস্য/সদস্যাদের সুরাহার কথা চিন্তা করেই বর্ধিত বীমা কিস্তি গ্রহণ করেছি।

PREMIUM OF GROUP MEDICLAIM POLICY FOR THE YEAR 2017-2018

SUM INSURED (FLOATER)	OFFICER (PER FAMILY)	NON-OFFICER (PER FAMILY)
Rs. 1,00,000.00	Rs. 3,430 + S. Tax 15%	Rs. 3,798 + S. Tax 15%
Rs. 3,00,000.00	Rs. 4,339 + S. Tax 15%	Rs. 4,804 + S. Tax 15%
Rs. 5,00,000.00	Rs. 5,250 + S. Tax 15%	Rs. 5,814 + S. Tax 15%
Rs. 7,00,000.00	Rs. 6,630 + S. Tax 15%	Rs. 7,340 + S. Tax 15%
Rs. 9,00,000.00	Rs. 8,021 + S. Tax 15%	Rs. 8,881 + S. Tax 15%
Rs. 11,00,000.00	Rs. 9,704 + S. Tax 15%	Rs. 10,746 + S. Tax 15%
Rs. 13,00,000.00	Rs. 11,743 + S. Tax 15%	Rs. 13,002 + S. Tax 15%
Rs. 15,00,000.00	Rs. 14,210 + S. Tax 15%	Rs. 15,731 + S. Tax 15%

সদস্য/সদস্যাদের অনুরোধ করা হচ্ছে যে, তারা যেন ব্যাঙ্কের অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করে ২৫শে মার্চ, ২০১৭-র মধ্যে জমা দেন। নিম্নলিখিত বিষয়গুলো অবশ্যই খেয়াল করবেন।

- ১) নিজস্ব ব্যাঙ্কের প্রাপ্ত ঊর্ধ্বসীমা পুরোপুরি শেষ হলেই তবে অতিরিক্ত খরচের জন্য আবেদন করবেন।
- ২) প্রতিটি নথি জমা দেবার পূর্বে অবশ্যই এক কপি XEROX (Manager Attestion) করে নিজের কাছে রাখবেন আপতকালীন প্রয়োজনের জন্য।
- ৩) হাসপাতালের বহির্বিভাগের (Out Patient Department) চিকিৎসা এবং গৃহে থাকিয়া (Domiciliary) চিকিৎসা এই প্রকল্পে অন্তর্ভুক্ত নয়।
- ৪) একটি পরিবার বুঝাতে IBA চুক্তি মতো সদস্যের পরিবার বুঝাবে—
যেমন — সদস্য/সদস্যা + স্ত্রী/স্বামী + সন্তান + বাবা/শ্বশুর + মা/শ্বশুরি
বয়সের কোনো ঊর্ধ্বসীমা নেই। সদস্যদের নিজ নিজ ব্যাঙ্কের নিকট নথিভুক্ত নির্ভরশীল ব্যক্তি হতে হবে।
- ৫) হাসপাতালে নগদহীন (Cashless) চিকিৎসার ক্ষেত্রে চিকিৎসা শুরুর আগের ৩০ দিন এবং পরের ৯০ দিন পর্যন্ত চিকিৎসা খরচ এই প্রকল্পে পাওয়া যাবে। হাসপাতালে ভর্তি না হয়ে দিনের কয়েক ঘণ্টার চিকিৎসা (day care) খরচ IBA চুক্তি মতো এই প্রকল্পেও পাওয়া যাবে।

প্রত্যেক সদস্য/সদস্যাকে অনুরোধ করা হচ্ছে—আমাদের এই উদ্যোগে সামিল হয়ে নিজের এবং পরিবারের সকলের সুচিকিৎসা নিশ্চিত করুন।

আমাদের হলিডে হোম

সাব-কমিটি পরিচালিত পুরী হলিডে হোম (হোটেল বঙ্গলক্ষী)টি পুরী মেরিন ড্রাইভের উপর অবস্থিত। আমাদের অনুরোধ আপনারা হলিডে হোমটিতে আসুন, থাকুন, ব্যবহার করুন — ভালো লাগবেই। পরিচিতদের আসতে বলুন। অফিসে যোগাযোগ করুন।

দৈনিক ভাড়া

হোটেল বঙ্গলক্ষী (মেরিন ড্রাইভ, পুরী) — ১টি (এসি), ২টি (নন-এসি) ঘর

এসি ঘর — সদস্য — ৮০০ টাকা, বহিরাগত — ১১০০ টাকা

নন এসি ঘর — সদস্য — ৬০০ টাকা ও ৫৫০ টাকা, বহিরাগত — ৮০০ টাকা ও ৭৫০ টাকা

যোগাযোগের নম্বর — (033) 2231-1710, 9830245756 (12-6 pm), 9433449582 (12-6 pm)

একটি আনন্দের সংবাদ

রিজার্ভ ব্যাঙ্কের আদেশক্রমে ও তত্ত্বাবধানে আমাদের ব্যাঙ্কে CBS প্রথায় পরিষেবা দেবার প্রয়াস শুরু হয়েছে, আশা করা যায় আগামী কয়েক মাসের মধ্যেই তা চালু হয়ে যাবে।

আমাদের ইতিমধ্যে চালু হওয়া Website Follow করুন। এই URL এ www.becb.in.

সমবায়ী অভিনন্দনসহ

উত্তম প্রসাদ মজুমদার

চেয়ারম্যান

তারিখ : ০৬.০৩.২০১৭